গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr.gov.bd

তারিখঃ ১৫ আশ্বিন, ১৪২২ বঙ্গাব্দ
৩০ সেপ্টেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

পবিত্র হজ্ব পালন ও ঈদ-উল-আযহা উদযাপনসহ বিবিধ কারণে বিভিন্ন অফিস/প্রতিষ্ঠান বন্ধ থাকায় এবং দূর্গাপুজা আসন্ন বিধায় রিটার্ন প্রস্তুতের প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহে আরও সময় প্রয়োজন উল্লেখ করে দেশের শীর্ষস্থানীয় ব্যবসায়ী সংগঠন এফবিসিসিআই সহ বিভিন্ন পেশাজীবী ও বাণিজ্য সংগঠন আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা বর্ধিতকরণের জন্য জাতীয় রাজস্ব বোর্ডকে অনুরোধ করেছে।

এমতাবস্থায়, সম্মানিত করদাতাগণের সুবিধার্থে ব্যক্তিশ্রেণী করদাতাসহ অন্যান্য করদাতাগণের (কোম্পানী করদাতা ব্যতীত) আয়কর রিটার্ন দাখিলের সময়সীমা আগামী ৩০ নভেম্বর, ২০১৫ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।